AUSTRALIAN COMPETITION
& CONSUMER COMMISSION

# যেসব ভোগ্যপণ্যে বাটন ব্যাটারি আছে সেগুলোর জন্য শিল্প নির্দেশিকা অনুধাবন

মে 2019

**যেসব ভোগ্যপণ্যে বাটন ব্যাটারি আছে সেগুলোর জন্য স্বেচ্ছামূলক শিল্প নির্দেশিকাটি (নির্দেশিকা) সরবরাহকারীদেরকে (অর্থাৎ, উৎপাদনকারী, পরিবেশক, আমদানিকারক, খুচরা বিক্রেতা এবং অনলাইন সরবরাহকারী) বাটন ব্যাটারি অথবা বাটন ব্যাটারিচালিত ডিভাইস ক্রয়, ডিজাইন করা, উন্নত করা বা খুচরা বিক্রয়ের সময় বাটন ব্যাটারির নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে দায়িত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার জন্য প্রণয়ন করা হয়েছে।**

এই নির্দেশিকার লক্ষ্য হলো শিশুদের বাটন ব্যাটারির সংস্পর্শে আসা কমানোর জন্য সম্ভাব্য সবচেয়ে কার্যকর পদক্ষেপগুলো গ্রহণ করা। নির্দেশিকায় শনাক্তকৃত মূল বিষয়গুলোর সারসংক্ষেপ এই তথ্যপত্রে দেয়া হয়েছে।

## সমস্যা

বাটন ব্যাটারি টিভির রিমোট কন্ট্রোল, ক্যামেরা, ঘড়ি, ক্যালকুলেটর, শুভেচ্ছা কার্ড, স্কেল, টর্চ ইত্যাদির মত আরো অনেক ধরনের ভোগ্যপণ্যে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। খেলনা, রকমারী সামগ্রী, ডিসপোজেবল স্যুভেনির এবং এলইডি লাইটযুক্ত গ্যাজেটের মত শিশুদের জন্য আকর্ষণীয় জিনিসগুলোতেও এগুলো প্রায়ই দেখা যায়।

গিলে ফেলা বাটন ব্যাটারি গলনালীতে আটকে যেতে পারে এবং মারাত্মক ক্ষতি বা জীবনের করুণ পরিসমাপ্তি ঘটাতে পারে।

বাটন ব্যাটারিযুক্ত ভোগ্যপণ্যগুলো নিরাপদ করা উচিত যাতে ব্যাটারিগুলো ছোট শিশুদের হাতের নাগালে না থাকে। প্রতিস্থাপনযোগ্য বাটন ব্যাটারিযুক্ত পণ্যসমূহের সাথে এই মর্মে সতর্কবার্তা যুক্ত করা উচিত যে, বাটন ব্যাটারি বিপজ্জনক এবং সেইসাথে প্রাসঙ্গিক নিরাপত্তা তথ্য প্রদান করা উচিত।

গুরুতর ক্ষতি প্রতিরোধ করতে এবং জীবন বাঁচাতে সহায়তা করার জন্য সরবরাহকারীদেরকে এই নির্দেশিকাটি মেনে চলতে উৎসাহিত করা হচ্ছে।



বাটন ব্যাটারি গিলে ফেলার ক্ষতি সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে: www.productsafety.gov.au/products/electronics-technology/button-batteries

## বাটন ব্যাটারির ধরনসমূহ

এই ডকুমেন্টের প্রসঙ্গে, *বাটন ব্যাটারি* বলতে আকার বা রাসায়নিক গঠন নির্বিশেষে সকল সমতল চাকতি-আকৃতির সেল বা ব্যাটারিকে বুঝানো হয়েছে। একই জিনিসের জন্য ব্যবহৃত অন্যান্য নামগুলো হলো 'কয়েন', 'ডিস্ক' ও 'বাটন' সেল বা ব্যাটারি।

***যদিও কয়েন আকারের লিথিয়াম বাটন ব্যাটারিগুলো শিশুদের বেশি গুরুতর ক্ষতি সৃষ্টির এবং তাদের মৃত্যুর কারণ হিসেবে পরিচিত, তবুও শিশুদের হাতে থাকা সকল ধরনের বাটন ব্যাটারিই তাদের জন্য সম্ভাব্যরূপে বিপজ্জনক।***

## সরবরাহকারীর দায়িত্ব

অস্ট্রেলিয়ান ভোক্তা আইন অনুসারে, সরবরাহকারীরা পণ্য বা পরিষেবার গুণগত মান, ভ্যালু, মূল্য, বয়সোপযোগিতা বা উপকারিতা সম্পর্কে, অথবা সংশ্লিষ্ট গ্যারান্টি বা ওয়্যারেন্টি সম্পর্কে কোনো মিথ্যা বা বিভ্রান্তিকর দাবি করতে পারবেন না।

একজন ব্যবসায়ী একজন ভোক্তার কাছে মালামাল সরবরাহের সময় অস্ট্রেলিয়ান ভোক্তা আইন ভোক্তাদেরকে নিশ্চয়তা প্রদান করে। এগুলো হলো সংবিধিবদ্ধ নিশ্চয়তা, এবং এতে অন্তর্ভুক্ত রয়েছে যে, সরবরাহকৃত পণ্যগুলো গ্রহণযোগ্য মানের এবং নিরাপদ। যদি কোনো ভোক্তাকে এমন একটি পণ্য সরবরাহ করা হয় যেটি গ্রহণযোগ্য মানসম্পন্ন নয় অথবা অনিরাপদ তাহলে তারা সরবরাহকারীর কাছে তাদের অধিকার দাবি করতে পারেন এবং যে ব্যবসায়ী তাদেরকে এটি সরবরাহ করেছেন তার কাছে প্রতিকার চাইতে পারেন।

এছাড়াও সরবরাহকারীদেরকে তাদের সরবরাহকৃত পণ্যগুলোর নিরাপত্তা সম্পর্কে গ্রাহকের প্রতিক্রিয়া নিরীক্ষণ ও অনুসন্ধান করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে উপযুক্ত সংশোধনমূলক পদক্ষেপ নিতে হবে। যদি কোনো সরবরাহকারী তার সরবরাহকৃত কোনো পণ্যের সাথে সংশ্লিষ্ট কোনো ক্ষতি, অসুস্থতা বা মৃত্যুর বিষয়ে জানতে পারেন তাহলে রিপোর্ট পাওয়ার দুই দিনের মধ্যে অস্ট্রেলিয়ান কম্পিটিশন অ্যান্ড কনজ্যুমার কমিশন (Australian Competition and Consumer Commission, ACCC) -কে ঘটনাটি জানানো আবশ্যক হতে পারে।

ভোক্তার ক্ষতি ও মৃত্যু সম্পর্কে রিপোর্ট করার বাধ্যবাধকতা সম্পর্কে আরো তথ্য ACCC-এর প্রোডাক্ট সেফটি অস্ট্রেলিয়া-এর ওয়েবসাইটে পাওয়া যাবে:
www.productsafety.gov.au/product-safety-laws/legislation/mandatory-reporting

## শিল্প নির্দেশিকা মেনে চলা সম্পর্কিত অপরিহার্য শর্তসমূহ


এই শিল্প নির্দেশিকা মেনে চলার জন্য, ভোক্তা কর্তৃক প্রতিস্থাপনযোগ্য এক বা একাধিক বাটন ব্যাটারিযুক্ত ভোগ্যপণ্য (রিমোট কন্ট্রোল এবং এর সাথে প্রদত্ত যেকোনো প্রতিস্থাপনযোগ্য ব্যাটারিযুক্ত কোনো আনুষাঙ্গিক ডিভাইসের মত পণ্যসমূহ সহ) যা সাধারণ ব্যবহারকালীন সময়ে ছোট শিশুদের হাতের নাগালে থাকে অথবা যেগুলোর অপব্যবহার সম্পর্কে যৌক্তিকভাবে পূর্বানুমান করা যায়, সেগুলোতে অবশ্যই:

এমন একটি ব্যাটারি কম্পার্টমেন্ট (বা অন্য কোনো খোপ) থাকতে হবে যা নিচের সবগুলো বিষয়ের সাথে সঙ্গতি রেখে ছোট শিশুদের পক্ষে বাটারি হাতের নাগালে পাওয়া প্রতিরোধ করে:

a. ব্যাটারি হাতের নাগালে পাওয়ার জন্য একটি হাতিয়ার/টুল ব্যবহারের প্রয়োজন থাকতে হবে অথবা দুই বা ততোধিক স্বতন্ত্র এবং একত্রে প্রয়োগ করতে হয় এমন পদক্ষেপ গ্রহণের প্রয়োজন থাকতে হবে; এবং
b. ব্যাটারিতে প্রবেশযোগ্যতা সুরক্ষিত করার ডিভাইসটি নিরাপত্তা হ্রাস না করেই সহজে প্রতিস্থাপনযোগ্য হতে হবে; এবং
c. ব্যাটারিতে প্রবেশযোগ্যতা সুরক্ষিত করার ডিভাইসটি এতটা টেকসই হতে হবে যাতে তা একাধিকবার ব্যবহারের পরে ভেঙ্গে না যায় বা অকার্যকর না হয়ে পড়ে; এবং
d. এমনভাবে ডিজাইনকৃত ও নির্মিত হতে হবে যাতে প্রতিস্থাপনযোগ্য ব্যাটারির মালামাল বা প্যাকেজিং সাধারণ ব্যবহারের ক্ষেত্রে বা অপব্যবহার সম্পর্কে যৌক্তিকভাবে পূর্বানুমান করা যায় এমন ক্ষেত্রে ব্যাটারিগুলো ছোট শিশুদের হাতের নাগালে না থাকে

এবং:

e. পণ্যটি বিক্রয়ের জন্য প্রদর্শন করার সময় (অনলাইনে সহ) এই মর্মে তথ্য উল্লেখ থাকে যে, পণ্যটি (বা অন্তর্ভুক্ত যেকোনো আনুষাঙ্গিক ডিভাইস) চালানোর জন্য বাটন ব্যাটারি প্রয়োজন এবং এগুলো ছোট শিশুদের জন্য বিপজ্জনক। তথ্যটি মোড়কের গায়ে অথবা আলাদা বিজ্ঞপ্তির মাধ্যমে প্রদান করা যেতে পারে।



ভোক্তা কর্তৃক প্রতিস্থাপন করা উদ্দেশ্য নয় এমন বাটন ব্যাটারির ক্ষেত্রে ডিভাইসটির সাধারণ ব্যবহারের সময় এবং অপব্যবহার সম্পর্কে যৌক্তিকভাবে পূর্বানুমান করা যায় এমন ক্ষেত্রে ব্যাটারিগুলো অবশ্যই হাতের নাগালে থাকতে পারবে না এবং কোনো টেকনিশিয়ান ব্যবহার করবেন বলে প্রত্যাশা করা হয় এমন কোনো হাতিয়ার/টুল ব্যবহার করা ছাড়া সেগুলো যাতে অবশ্যই হাতের নাগালে পাওয়া না যায়, যেমন: স্ক্রুড্রাইভার বা স্প্যানার, কিন্তু কয়েন নয়।

এই নির্দেশিকায় বর্ণিত অপরিহার্য শর্তসমূহ সর্বোত্তম রীতিনীতির বর্তমান অনুধাবনের উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে।

## ঝুঁকিগুলো কিভাবে আরো কমানো যায়

বাটন ব্যাটারি দ্বারা ছোট শিশুদের ক্ষতি হওয়ার সম্ভাবনা আরো কমিয়ে আনতে, সরবরাহকারীদের বিবেচনা করা উচিত:

- বাটন বা কয়েন আকারের লিথিয়াম ব্যাটারিযুক্ত পণ্যগুলো সরবরাহ করার প্রয়োজন আসলেই আছে কিনা
- পণ্যগুলো অন্য ধরনের ব্যাটারি দ্বারা চালানো যায় কিনা যেগুলোতে বাটন ব্যাটারির মত একই ধরনের ঝুঁকি নেই
- বিদ্যমান পণ্যগুলোর বিষয়ে অডিট পরিচালনা করা এবং এই নির্দেশিকার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আইটেমগুলো সরিয়ে ফেলা
- শুধুমাত্র এই নির্দেশিকার সাথে সঙ্গতিপূর্ণ বাটন ব্যাটারিসমূহ এবং অনুরূপ বাটন ব্যাটারিযুক্ত পণ্যসমূহ সরবরাহ করা
- বাটন ব্যাটারিসমূহ এবং বাটন ব্যাটারিযুক্ত পণ্যসমূহ দোকানগুলোতে কোন উচ্চতায় প্রদর্শিত হয় তা পর্যালোচনা করা, যাতে সেগুলো ছোট শিশুদের হাতের নাগালে কম থাকে
- ব্যাটারির এমন ব্র্যান্ডগুলো নির্বাচন করা যেগুলো উপযুক্ত শিশু-প্রতিরোধী প্যাকেজিংয়ে সরবরাহ করা হয়েছে এবং ছোট শিশুদের জন্য বিপজ্জনক হিসেবে চিহ্নিত করে ভোক্তাদেরকে সতর্ক করা হয়েছে
- শিশুদের দ্বারা বাটন ব্যাটারি গিলে ফেলা/মুখে প্রবেশ করানো সংক্রান্ত সতর্কবার্তার মাধ্যমে ভোক্তাদেরকে সতর্ক করার জন্য বাটন ব্যাটারিযুক্ত পণ্যের প্যাকেজিং বা নির্দেশনায় সতর্কতামূলক বিজ্ঞপ্তি থাকতে হবে
- দোকানে সতর্কবার্তা প্রদান করার মাধ্যমে বাটন ব্যাটারির ঝুঁকি সম্পর্কে ভোক্তাদেরকে সতর্ক করা।

## আরো তথ্য

আপনি এখান থেকে নির্দেশিকাটির সম্পূর্ণ ইংরেজি সংস্করণ পেতে পারেন: www.productsafety.gov.au/publication/industry-code-for-consumer-goods-that-contain-button-batteries

নির্দেশিকাটিতে সতর্কবার্তা ও প্যাকেজিংয়ে ব্যবহারের জন্য কিছু উপযুক্ত বিবৃতি ও প্রতীক দেয়া হয়েছে এবং সেইসাথে প্রাসঙ্গিক নিরাপত্তা মানদণ্ডের একটি তালিকাও দেয়া হয়েছে।

পণ্যের দায়িত্বশীল উৎস এবং ভোগ্যপণ্যের মান যাচাই বিষয়ে আরো তথ্য এখানে পাওয়া যাবে:

- পণ্যের দায়িত্বশীল উৎস
  www.productsafety.gov.au/product-safety-laws/compliance-surveillance/responsible-sourcing-of-products
- ভোগ্যপণ্যের মান যাচাই
  www.productsafety.gov.au/product-safety-laws/compliance-surveillance/product-testing

© Australian Competition and Consumer Commission 2019 under a Creative Commons Attribution 3.0 Australia licence.
ACCC 6/19_1564 www.accc.gov.au